গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
কসবা, ব্রাহ্মণবাড়িয়া
www.kasba.brahmanbaria.gov.bd

নম্বর- ০৫.৪২.১২৬৩.০০০.৩১.০১৫.২০২৩- ৭৪১

তারিখ: ০৯ ডিসেম্বর ২০২৪ খ্রি.

**উপজেলা মুক্তিযোদ্ধা কমপ্লেক্স ভবন ভাড়া বিজ্ঞপ্তি**

এতদ্বারা সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, মুক্তিযোদ্ধা বিষয়ক মন্ত্রণালয়ের স্মারক নম্বর- ৪৮.০০.০০০০.০০৮.১৪. ০৪৩(৭).১১.৩৬ তারিখ: ১৮/০১/২০২১ খ্রি. সূত্র মূলে জারিকৃত উপজেলা মুক্তিযোদ্ধা কমপ্লেক্স ভবন ব্যবহার সংক্রান্ত সংশোধিত পরিপত্র অনুযায়ী এবং উপজেলা মুক্তিযোদ্ধা কমপ্লেক্স ভবন রক্ষণাবেক্ষণ ও পরিচালনা বিষয়ক কমিটি এর ০৬ নভেম্বর, ২০২৪ খ্রি. সভার সিদ্ধান্ত মোতাবেক কসবা উপজেলা মুক্তিযোদ্ধা কমপ্লেক্স ভবনের নিচ তলা ও ২য় তলা ভাড়া দেয়ার নিমিত্ত বীর মুক্তিযোদ্ধা, বীর মুক্তিযোদ্ধা পরিবারগণের সদস্য, সরকারি ও বেসরকারি অফিস,ব্যাংক, বীমা ও আগ্রহী ব্যবসায়ী/ প্রতিষ্ঠানের নিকট হতে নিম্নবর্ণিত শর্তাবলী সাপেক্ষে সীলমোহরযুক্ত খামে নির্ধারিত ফরমে দরপত্র আহবান করা যাচ্ছে।

| দরপত্র ক্রম | দরপত্র বিক্রয়ের শেষ তারিখ | দরপত্র দাখিলের তারিখ ও সময় | দরপত্র খোলার তারিখ ও সময় | দরপত্র মূল্যায়নের তারিখ ও সময় |
|---|---|---|---|---|
| ১ম দরপত্র | ২২/১২/২০২৪ খ্রি. বিকাল ৪.০০ টা পর্যন্ত | ২৩/১২/২০২৪ খ্রি. দুপুর ১.০০ টা পর্যন্ত | ২৩/১২/২০২৪ খ্রি. বিকাল ৩.০০ টা পর্যন্ত | ২৩/১২/২০২৪ খ্রি. বিকাল ৩.৩০ টা পর্যন্ত |
| ২য় দরপত্র | ৩১/১২/২০২৪ খ্রি. বিকাল ৪.০০ টা পর্যন্ত | ০১/০১/২০২৫ খ্রি. দুপুর ১.০০ টা পর্যন্ত | ০১/০১/২০২৫ খ্রি. বিকাল ৩.০০ টা পর্যন্ত | ০১/০১/২০২৫ খ্রি. বিকাল ৩.৩০ টা পর্যন্ত |
| ৩য় দরপত্র | ০৭/০১/২০২৫ খ্রি. বিকাল ৪.০০ টা পর্যন্ত | ০৮/০১/২০২৫ খ্রি. দুপুর ১.০০ টা পর্যন্ত | ০৮/০১/২০২৫ খ্রি. বিকাল ৩.০০ টা পর্যন্ত | ০৮/০১/২০২৫ খ্রি. বিকাল ৩.৩০ টা পর্যন্ত |

| | | |
|---|---|---|
| ০১ | ভবন ভাড়ার সময় সীমা | ভাড়া প্রদানের তারিখ হতে ১ (এক) বৎসর |
| ০২ | তলা/ফ্লোর ভাড়া ও জামানত পরিমাণ | ক) নিচ তলা/ফ্লোর সম্পূর্ণ মাসিক নূন্যতম ভাড়া ৪২,০০০/- (বিয়াল্লিশ হাজার) টাকা এবংঅগ্রিম জামানত ৪,০০,০০০/- (চার লক্ষ ) টাকা;<br>খ) ২য় তলা সম্পূর্ণ মাসিক নূন্যতম ভাড়া ৩৬,০০০/- (ছত্রিশ হাজার) টাকা এবং অগ্রিম জামানত ৩,৬০,০০০/- (তিন লক্ষ ষাট হাজার) টাকা;<br>গ) নিচ তলা/ফ্লোর ও ২য় তলা একত্রে সম্পূর্ণ মাসিক নূন্যতম ভাড়া ৭৮,০০০/- (আটাত্তর হাজার) টাকা এবং অগ্রিম জামানত ৭,৬০,০০০/- (সাত লক্ষ ষাট হাজার) টাকা। |
| ০৩ | আবেদন (শিডিউল) ফরমের মূল্য | ৫০০/- (অফেরতযোগ্য) |

**শর্তাবলীঃ** অফিস চলাকালীন যাবতীয় তথ্য জানা যাবে।

১.দরপত্রের আবেদন (শিডিউল) নির্ধারিত মূল্য অফেরতযোগ্য নগদ জমাদান পূর্বক জেলা প্রশাসক, ব্রাহ্মণবাড়িয়া, উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, কসবা, ব্রাহ্মণবাড়িয়া, কসবা থানা, কসবা, ব্রাহ্মণবাড়িয়া এবং উপজেলা সমাজসেবা কর্মকর্তার কার্যালয়, কসবা, ব্রাহ্মণবাড়িয়া হতে ক্রয় করা যাবে।

CamScanner

২. দরপত্র গ্রহণের জন্য ক্রম অনুযায়ী নির্ধারিত তারিখ ও সময়ে উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, কসবা, ব্রাহ্মণবাড়িয়া এ রক্ষিত দরপত্র বাক্সে দুপুর ১.০০ টার মধ্যে জমা দিতে হবে এবং ঐদিন বেলা ৩.০০ টার সময়ে নিম্ন স্বাক্ষরকারীর কার্যালয়ে দর দাতাগণের সম্মুখে (যদি কেউ উপস্থিত থাকেন) দরপত্র খোলা হবে।

৩. সরকারি ও বেসরকারি অফিস, ব্যাংক, বীমা, মেডিসিন, চিকিৎসকের চেম্বার, ক্রোকারিজ সামগ্রী, কম্পিউটার/মোবাইল সামগ্রী, ইলেক্ট্রনিক্স সামগ্রী, লাইব্রেরী, স্টেশনারী, গার্মেন্টস/কাপড়, টেইলার্স, জুতা, কসমেটিক্স সামগ্রী, জুয়েলারী, সমমানের (কমিটি কর্তৃক অনুমোদন সাপেক্ষে) উদ্যোক্তা/ ব্যবসায়ীগণ আবেদন করতে পারবেন।

৪. নির্ধারিত ফরম মোতাবেক আবেদন করতে হবে।

৫. আবেদনপত্রের সাথে এক কপি ছবি, জাতীয় পরিচয়পত্রের ফটোকপি এবং হালনাগাদ ট্রেডলাইসেন্স এর সত্যায়িত ফটোকপি জমা দিতে হবে।

৬. আবেদনপত্রের সাথে "উপজেলা নির্বাহী অফিসার" বরাবর যে কোন তফসিলী ব্যাংক হতে নির্ধারিত অগ্রিম জামানতের ৫০% অর্থ পে-অর্ডার করত: সংযুক্ত করতে হবে।

৭. প্রতিটি তলা/ফ্লোর বিপরীতে সর্বোচ্চ দাখিলকৃত ভাড়া প্রদানকারী অনুকূলে তলা/ফ্লোর বরাদ্দ দেওয়া হবে। তবে, একই তলা/ফ্লোর এর জন্য সর্বোচ্চ দরদাতার দাখিলকৃত দর সমান হলে লটারীর মাধ্যমে নির্বাচন করা হবে।

৮. ১ম দরপত্রে উপর্যুক্ত দর না পাওয়া গেলে পর্যায়ক্রমে ২য় ও ৩য় দরপত্রের নির্ধারিত তারিখ ও সময়ে দরপত্র দাখিল করতে পারবে। সেক্ষেত্রে, প্রতিবার সর্বোচ্চ দরদাতার সিডিউল ও অগ্রিম জামানত সংরক্ষণ করে পরবর্তী সময়ে প্রতিযোগী হিসাবে দরপত্রে অংশগ্রহণ করবে। প্রয়োজন মনে করলে, পূর্বে দাখিলকৃত সর্বোচ্চ দরদাতা সীলমোহরযুক্ত খামে পুনরায় তার প্যাডে সংশোধিত দরপত্র দাখিল করতে পারবে।

৯. নির্ধারিত ভাড়া ও অগ্রিম জামানতের পরিমাণের কম দাখিল করলে আবেদনপত্র বাতিল বলে গণ্য হবে।

১০. প্রতি বছর কর্তৃপক্ষ ভাড়া যৌক্তিক হারে বৃদ্ধি করার ক্ষমতা রাখে।

১১. বরাদ্দকৃত দোকানে অনৈতিক, আইন বিরোধী, রাষ্ট্রবিরোধী ও মুক্তিযুদ্ধ বিরোধী কার্যক্রম করা যাবে না এবং প্রতিষ্ঠানের অমর্যাদা হয় এমন কোন কাজে ব্যবহার করা যাবে না।

১২. কোন অবস্থাতেই নির্ধারিত বাণিজ্যিক কাজের বাইরে এ দোকান ব্যবহার করতে পারবেন না এবং ভাড়াকৃত তলা/ফ্লোর অন্য কোন ব্যক্তি বা প্রতিষ্ঠানকে হস্তান্তর ব্যবহারের জন্য পুন:বরাদ্দ/ভাড়া (সাবলেট) প্রদান করা যাবে না।

১৩. স্বাধীনতা ও মুক্তিযুদ্ধ বিরোধী ব্যক্তি/পরিবারের কেউ দোকানের জন্য আবেদন করা যাবে না।

১৪. অগ্রিম জামানতের নির্ধারিত পে-অর্ডার, সিডিউল ক্রয়ের রশিদ জমা প্রদান এবং আবেদনের শর্তপূরণ ভুল হলে দরপত্র সরাসরি বাতিল বলে গণ্য হবে।

১৫. নির্ধারিত তারিখ ও সময়ের পর কোন আবেদন গ্রহণযোগ্য হবে না।

১৬. পর পর তিন মাস দোকান ভাড়া পরিশোধ করতে ব্যর্থ হলে জামানত হতে ভাড়া সমন্বয় করা হবে এবং কোন কারণ দর্শানো ছাড়া বরাদ্দ বাতিল বলে গণ্য হবে।

১৭. বিদ্যুৎ বিল, জেনারেটর বিল ও পানির বিলসহ যাবতীয় ইউটিলিটি বিল দোকান গ্রহীতাদের নিজে পরিশোধ করতে হবে।

১৮. বরাদ্দপ্রাপ্ত ব্যক্তি/ প্রতিষ্ঠানকে নিজ দায়িত্বে ভবনের পরিষ্কার পরিচ্ছন্নতা বজায় রাখতে হবে।

১৯. কর্তৃপক্ষ যে কোন সময় জারিকৃত বিজ্ঞপ্তি বাতিল, কোন সিদ্ধান্ত পরিবর্তন, পরিবর্ধন ও সংশোধন করার ক্ষমতা সংরক্ষণ করেন এবং এ সংক্রান্ত সরকারি যে কোন পরিপত্র শর্তের অংশ হিসেবে বিবেচিত হবে।

০৯/১২/২৪

মুহাম্মদ শাহরিয়ার মুক্তার
উপজেলা নির্বাহী অফিসার
ও
আহবায়ক
উপজেলা মুক্তিযোদ্ধা কমপ্লেক্স ভবন
রক্ষণাবেক্ষণ ও পরিচালনা বিষয়ক কমিটি
কসবা,ব্রাহ্মণবাড়িয়া
মোবাইল- ০১৭০৫-৪১১২৩৮
ইমেইল- unno.kasba@mopa.gov.bd

CS CamScanner